



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫০.১৮/০৭৫/৪

তারিখ: ২৬/০৭/২০২০ খ্রি:

বিষয় : মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ১৪৫৮৬/২০১৯ এর আদেশ মোতাবেক জনাব মো: আতিকুর রহমান, প্রভাষক(ইসলামী শিক্ষা) এর সহকারী অধ্যাপক পদে পদোন্নতি।

- সূত্র (১) জনাব মো: আতিকুর রহমান এর ১০.০২.২০১৯ খ্রি. তারিখের আবেদন;
(২) রিট পিটিশন নং ১৪৫৮৬/২০১৯ এর অর্ন্তবর্তীকালীন আদেশ।
(৩) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫০.১৮.১১৪.৪ তারিখ : ১৬.০২.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সবুজবাগ থানাধীন মাদারটেক আবদুল আজিজ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের প্রভাষক (ইসলামী শিক্ষা) জনাব মো: আতিকুর রহমান সহকারী অধ্যাপক পদে পদোন্নতি সংক্রান্ত বিষয়ে মাউশি অধিদপ্তরে ১০.০২.২০১৯ তারিখে আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ না করায় প্রভাষক(ইসলামী শিক্ষা) জনাব মো: আতিকুর রহমান মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪৫৮৬/২০১৯ দায়ের করেন।

রিট মামলার বিষয়ে আইন শাখার মতামত: রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগে ৩নং বিবাদী (মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) কে পিটিশনারের ১০.০২.২০১৯ তারিখের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশে আবেদনটি কোর্টের আদেশ প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করার সময় উল্লেখ করা হয়েছে।

মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫০.১৮.১১৪.৪ তারিখ : ১৬.০২.২০২০ খ্রি. মোতাবেক আদালতের আদেশ মোতাবেক জনাব মো: আতিকুর রহমান এর সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ১০.০২.২০১৯ খ্রি. তারিখের আবেদনটি নিষ্পত্তি করে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে অবহিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। কিন্তু মাউশির ১৬.০২.২০২০ খ্রি তারিখের পত্রের নির্দেশনার প্রেক্ষিতে অদ্যাবধি কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি।

এমতাবস্থায়, মাউশির নির্দেশনা বাস্তবায়ন না করায় জনবল কাঠামো মোতাবেক কেন অধ্যক্ষের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না এ বিষয়ে পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ

মাদারটেক আবদুল আজিজ উচ্চমাধ্যমিক বিদ্যালয়
বাসাবো, ঢাকা।

২৬.০৭.২০২০
(মো: আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@ dshe.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, মাদারটেক আবদুল আজিজ উচ্চমাধ্যমিক বিদ্যালয়, বাসাবো, ঢাকা;
- ৩। জনাব মো: আতিকুর রহমান, প্রভাষক(ইসলামী শিক্ষা), মাদারটেক আবদুল আজিজ উচ্চমাধ্যমিক বিদ্যালয়, বাসাবো, ঢাকা;
- ৪। সংরক্ষণ নথি।